

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৮৯০

আগরতলা, ১৭ ফেব্রুয়ারি, ২০২৪

**চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা-২০২৩**

**বেআইনীভাবে কার্ড ইস্যুর প্রচেষ্টার বিষয়ে প্রশাসনি এনফোর্সমেন্ট**

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা গত ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা-২০২৩ প্রকল্পের সূচনা করেছেন। এই প্রকল্পে অন্তর্ভুক্ত প্রতিটি পরিবার বছরে ৫ লক্ষ টাকা পর্যন্ত স্বাস্থ্য বীমার সুবিধা পাবেন। সুবিধাভোগীরা নিজেও [beneficiary.nha.gov.in](http://beneficiary.nha.gov.in) ওয়েবসাইটে গিয়ে নিজের কার্ড তৈরী করে নিতে পারবেন। আজ আগরতলার গান্ধীল রোডস্থিত একটি ক্লাবে বেআইনীভাবে ২৫০ টাকার বিনিময়ে CMJAY 2023-এর কার্ড বিতরণ করা হচ্ছিল। এই বিষয়টি প্রশাসনের নজরে আসে এবং স্বাস্থ্যদপ্তর ও পুলিশ প্রশাসনের তত্ত্বাবধানে একটি এনফোর্সমেন্ট টিম উক্ত স্থানে গিয়ে বিষয়টি খতিয়ে দেখে ও জনৈক এক স্থানীয় ব্যক্তিকে আটক করে স্থানীয় পুলিশ। উক্ত শিবিরে যাদের থেকে ২৫০টাকার বিনিময়ে কার্ড দেওয়া হয়েছে তাদের সবাইকে ক্লাব কর্তৃপক্ষের সাহায্যে টাকা ফেরত দেওয়ার ব্যবস্থা নেওয়া হয়েছে।

জনসাধারণের অবগতির জন্য স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে জানানো হচ্ছে যে CMJAY 2023 প্রকল্পের কার্ড ইস্যু করার জন্য প্রত্যেক গ্রামস্তর ও ওয়ার্ডভিত্তিক শিবির করা হবে। যদি CMJAY 2023 প্রকল্পের কার্ড ইস্যু করার জন্য দপ্তর কর্তৃক কোন এজেন্সি নির্ধারণ করা হয় তবে তা জনগণকে অবগত করা হবে এবং ন্যূনতম মূল্যের বিনিময়ে এই কার্ড পাওয়া যাবে। যদি কেউ বেআইনীভাবে কার্ড ইস্যু করার প্রক্রিয়ায় জড়িত হয় তবে তার বিরুদ্ধে প্রশাসনের পক্ষ থেকে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। ত্রিপুরা হেলথ প্রোটেকশন সোসাইটির মুখ্য কার্যনির্বাহী আধিকারিক এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*